# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭৫৪

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ مُسْلِمَيْنِ يُتَوَفَّى لَهُمَا ثَلَاثَةٌ إِلَّا أَدْخَلَهُمَا اللَّهُ الْجَنَّةَ بِفَضْلِ رَحْمَتِهِ إِيَّاهُمَا» . فَقَالُوا: يَا رَسُولَ الله أَو اثْنَان؟ قَالَ: «أواثنان» . قَالُوا: أَوْ وَاحِدٌ؟ قَالَ: «أَوْ وَاحِدٌ» . ثُمَّ قَالَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّ السِّقْطَ لَيَجُرُّ أُمَّهُ بِسَرَرِهِ إِلَى الْجَنَّةِ إِذَا احْتَسَبَتْهُ» . رَوَاهُ أَحْمَدُ وَرَوَى ابْنُ مَاجَهْ مِنْ قَوْلِهِ: «وَالَّذِي نَفسِي بِيَدِهِ»

বাংলা

১৭৫৪-[৩৩] মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে দু’জন মুসলিম ব্যক্তির অর্থাৎ মাতা-পিতার তিনটি সন্তান (তাদের আগে) মারা যাবে, আল্লাহ তাদেরকে তাঁর বিশেষ রহমতে জান্নাতে প্রবেশ করাবেন। সাহাবীগণ আরয করলেন, হে আল্লাহর রসূল! দু’জন মারা গেলেও কী? তিনি বললেন, হ্যাঁ, দু’জন মারা গেলেও। সাহাবীগণ আবারো বললেন, একজন মারা গেলেও? তিনি বললেন, হ্যাঁ, একজন মারা গেলেও। অতঃপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যাঁর হাতের মুঠোয় আমার জীবন তাঁর শপথ করে বলছি, যদি কোন মহিলার গর্ভপাত হয়ে যায় সেই মা ধৈর্য ধরে সাওয়াবের আশা করে, তাহলে সে সন্তানও তার নাড়ী ধরে টেনে তাকে জান্নাতে নিয়ে যাবে। (আহমাদ, আর ইবনু মাজাহ এ বর্ণনা ’’আল্লাহর কসম’’ থেকে শুরু করে শেষ পর্যন্ত উদ্ধৃত করেছেন।)[1]

ফুটনোট

[1] প্রথমাংশটুকু য‘ঈফ আর শেষাংশটুকু সহীহ : ইবনু মাজাহ ১৬০৯, সহীহ আত্ তারগীব ২০০৮, আহমাদ ২২০৯০, য‘ঈফ আত্ তারগীব ১২৩৬, সহীহ আল জামি‘ আস্ সগীর ২৩৯৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে গর্ভপাতজনিত কারণে যে সকল সন্তান মারা যায় তাদের গুরুত্ব ও ফাযীলাতের কথা তুলে ধরা হয়েছে। এ ছাড়াও যে সকল মুসলিমের এক বা একাধিক সন্তান নাবালেগ অবস্থায় মারা যায়, তাদের কথাও বলা হয়েছে।

এ হাদীসে সন্তান বলতে ছেলে ও মেয়ে উভয়কেই বুঝানো হয়েছে। আর তাদের দুই জনকে বলতে মুসলিম পিতা-মাতাকে বুঝানো হয়েছে। হাদীসের মধ্যে أبواهما বলে পিতা-মাতাকে বুঝানো হয়েছে, সন্তানকে নয়। আল্লাহ তা‘আলা পিতা-মাতাকে স্বীয় দয়া ও অনুগ্রহে জান্নাতে প্রবেশ করাবেন। আরো অনেক হাদীসে বর্ণিত আছে যে, সন্তানের কারণে পিতা-মাতার উপর দয়া ও অনুগ্রহ করা হবে। তাহলে দেখা যাচ্ছে যে, যে সকল মুসলিম পিতা-মাতার এক বা একাধিক সন্তান নাবালেগ অবস্থায় মারা যাবে আল্লাহ তা‘আলা সে সকল পিতা-মাতাকে নিজ অনুগ্রহে জান্নাতে প্রবেশ করাবেন।

سقط বলা হয়, এমন সন্তানকে যে পূর্ণ হওয়ার পূর্বেই মায়ের গর্ভ থেকে পড়ে যায়। যদি কোন মায়ের গর্ভ থেকে সন্তান নষ্ট হয়ে পড়ে যায়। আর মা সাওয়াবের আশায় ধৈর্যধারণ করে তাহলে এ সন্তান তাকে জান্নাতে টেনে নিয়ে যাবে।

এখানে সাওয়াবের আশা বলতে বুঝানো হয়েছে যে, এর উপর ধৈর্যধারণ করতে হবে এবং আল্লাহর পক্ষ হতে এর পুরস্কার পাওয়ার আশা রাখতে হবে। গর্ভপাতজনিত কারণে যে সকল সন্তান পড়ে যাবে তারা তাদের রবের সাথে বাদানুবাদ করবে। তখন আল্লাহ তাদেরকে বলবেন, তোমরা তোমাদের পিতা-মাতাকে জান্নাতে নিয়ে যাও। তখন তারা পিতা-মাতাকে টেনে জান্নাতে নিয়ে যাবে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56314

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন